


হাইকোর্টের নিষেধাজ্ঞা অমান্য করে প্রাথমিক শিক্ষক নিয়োগের মৌখিক পরীক্ষা গ্রহণ

রাজবাড়ী প্রতিনিধি

২৯ মে ২০২৪, ০৯:২৩ পিএম



পরীক্ষায় অংশ নেওয়া কয়ে জন চাকরিপ্রার্থী। ছবি: আমাদের সময়

হাইকোর্টের দেওয়া নিষেধাজ্ঞা অমান্য করে রাজবাড়ীতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগের মৌখিক পরীক্ষা গ্রহণের ঘটনা ঘটেছে। আজ বুধবার দুপুরে রাজবাড়ী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার পাংশা ও বালিয়াকান্দি উপজেলার উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।

UNIBOTS

জানা গেছে, সকাল ১০টা থেকে পাংশা উপজেলায় ২৫১৯৮৮০-২৫১৯৮৯১ ও বালিয়াকান্দি উপজেলায় ২৫১০১৯৩-২৫১১৫০৩ রোল রেঞ্জের ৩৫ জন এবং দুপুর ২টা থেকে বালিয়াকান্দি উপজেলায় ২৫১১৫৪৯-২৫১২৭৫৪ রোল রেঞ্জের ৩৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন।

রাজবাড়ী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অহিন্দ্র কুমার মন্ডলের মোবাইল ফোনে একাধিকবার কল করা হলেও তিনি বারবার কেটে দেন। বিকেল ৫টার দিকে ফোন রিসিভ করে বলেন, ‘প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার মৌখিক পরীক্ষা গ্রহণ করছি। পরে কথা বলি ‘ পরে আবারও ফোন করলে তিনি আর রিসিভ করেননি।

উল্লেখ্য, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৩-এর তৃতীয় ধাপে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের ২১টি জেলার উত্তীর্ণদের নিয়োগের কার্যক্রম ছয় মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। একই সঙ্গে লিখিত পরীক্ষায় ওঠা প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তিন মাসের মধ্যে অনুসন্ধানের নির্দেশ দিয়েছেন আদালত। এ সংক্রান্ত এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে গতকাল মঙ্গলবার বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি এসএম মাসুদ হোসাইন দোলনের বেঞ্চ রুলসহ এ আদেশ দেন।